



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.০২.০০১.১৯.৪২৫

তারিখ : ১৭-০৬-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা মেয়াদী কোর্সের পরীক্ষা সংক্রান্ত সকল কাজ যেমন-উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষকের কার্য সুষ্ঠুভাবে ও সঠিক সময়ে সম্পাদনের লক্ষ্যে নিম্ন উল্লেখিত তথ্যাদি ১৮-০৬-২০১৯ খ্রিঃ তারিখ হতে ২৭-০৬-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অন-লাইনে ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ইতোপূর্বে যারা ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করেছেন তাদেরকেও ফরম পূরণ (অনলাইনে এন্ট্রি) করতে হবে।

০১। উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হওয়ার যোগ্যতা :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

নূন্যতম সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর হতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

সংশ্লিষ্ট ট্রেডে/টেকনোলজিতে ১ বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশ হতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাস মেয়াদী বেসিক ট্রেড কোর্স (৩৬০ ঘন্টা মেয়াদী) নূন্যতম A গ্রেডে উত্তীর্ণ হতে হবে।

০২। প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতা :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

সংশ্লিষ্ট ট্রেডে চীফ ইন্সট্রাক্টর (সহকারি অধ্যাপক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণি পদমর্যাদা) নূন্যতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ৫ (পাঁচ) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সমমান পাশসহ নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ (০৬ মাস মেয়াদী সংশ্লিষ্ট ট্রেডের বেসিক ট্রেড কোর্সে A গ্রেডে উত্তীর্ণ হতে হবে) নূন্যতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং নূন্যতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। পরীক্ষক/নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যে সকল তথ্যাদি প্রয়োজন :

ক) সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :


সোনালী ব্যাংক এর অনলাইন হিসাব নম্বর, মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

খ) বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

নিয়োগপত্র, যোগদানপত্র, ন্যাশনাল আইডি কার্ড (NID), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, সোনালী ব্যাংকের অনলাইন হিসাবের নম্বর ১৩ সংখ্যার, মোবাইল নম্বর ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

ছক ৪

ক্রমিক নং	শিক্ষকের নাম	পদবী	শিক্ষাগত যোগ্যতা	সোনালী ব্যাংকের অন-লাইন একাউন্ট নম্বর দিতে হবে। (অবশ্যই ১৩ ডিজিট একাউন্ট নম্বর বসাতে হবে)	মোবাইল নম্বর	ভোটার আইডি নম্বর	পরীক্ষা সংক্রান্ত যেকর্মকাণ্ডে আগ্রহী (পরীক্ষক/নিরীক্ষক/ প্রধান পরীক্ষক)	পাসপোর্ট আকারের ছবি	স্বাক্ষর


১৭/০৬/২০১৯

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড


ঢাকা-১২০৭

ফোন : ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.০২.০০১.১৯.৪২৫ (৬)

তারিখ : ১৭-০৬-২০১৯ খ্রিঃ

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।


১৭/০৬/২০১৯

(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে, ঢাকা

ফোন : ০১৭১৫১০৮৫৪৯